ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৮৭

আগরতলা,৭ ডিসেম্বর,২০২৪

# উনকোটি জেলায় টিবি মুক্ত ভারত অভিযান







উনকোটি জেলার রাজীব গান্ধী মেমোরিয়াল হাসপাতালের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে (আরবিএসকে) আজ স্বাস্থ্য সচেতনতামূলক এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। টিবি মুক্ত ভারত অভিযানের পাশাপাশি রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে (আরবিএসকে) মেডিকেল টিম কিনাইচর নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে এবং কিনাইচর অঙ্গনওয়াড়ি কেন্দ্রের ছাত্র-ছাত্রীদের গয়টার স্ক্রিনিং করেন। তাছাড়াও স্বাস্থ্য সচেতনতামুলক বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। এই স্ক্রিনিং কর্মসূচিতে আরবিএসকে কার্যক্রমের চিকিৎসক ডাঃ অনামিত্র চন্দ ও ডাঃ সুনীতা দাস কিনাইচর নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ের ৩৮ জন ও কিনাইচর অঙ্গনওয়াড়ি কেন্দ্রের মোট ৪৬ জন শিশুর গয়টার স্ক্রিনিং করেন। এছাড়াও ছাত্র-ছাত্রীদের শারীরিক স্বাস্থ্য পরীক্ষা করেন এবং প্রয়োজনীয় ওষুধ প্রদান করেন। উক্ত কর্মসূচিতে স্বাস্থ্য পরীক্ষার পাশাপাশি আরবিএসকে কার্যক্রমের চিকিৎসকগণ ছাত্রছাত্রীদের অভিভাবকদের মধ্যে শিশুদের আয়োডিন ঘাটতি জনিত স্বাস্থ্য সমস্যা ও তার প্রতিকারের উপায়, যক্ষ্মা রোগের লক্ষণ ও তার প্রতিরোধ, শিশুদের শারীরিক ও মানসিক বৃদ্ধির সহায়ক পুষ্টিকর খাবারের গুরুত্ব, হাত-পায়ের নখ কাটা ও চুল ছোট রাখা, খাবার আগে ও শৌচের পর হাত ভাল করে সাবান দিয়ে ধোয়া এবং পরিষ্কার পরিচ্ছন্ন থাকার অভ্যাস গড়ে তোলা ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদান করেন। এদিন এই অনুষ্ঠানে উপস্থিত সকল ছাত্র-ছাত্রীদের মধ্যে আয়োডিন যুক্ত লবণের প্যাকেট, ওআরএস প্যাকেট এবং সচেতনতামূলক লিফলেট প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের (আরবিএসকে) এএনএম ঝুমা রাণী কর, বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও অঙ্গনওয়াড়িকর্মী উপস্থিত ছিলেন। বিদ্যালয় ও অঙ্গনওয়াড়ি কেন্দ্রের ছাত্র-ছাত্রী ও অভিভাবকরা গয়টার রোগ ও যক্ষ্মা রোগ সম্পর্কে জানতে পেরে স্বাস্থ্যকর্মীদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*****